কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (UNDER CCF) অনুসারে স্নাতক স্তরে EDUCATION, 5TH / 6TH SEMESTER (MAJOR & MDC) কোর্সের জন্য

Under CCF

NEW

Syllabus

# পাঠক্রম অধ্যয়ন

## গাইড

## (Curriculum Studies)

Semester - 5 / 6 (Major & MDC)



দেবকুমার হালদার

সুপর্না হালদার

Edubitan

ডিজিটাল সংস্করণ (eBook)

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (UNDER CCF) অনুসারে স্নাতক স্তরে EDUCATION, 5TH / 6TH SEMESTER (MAJOR & MDC) কোর্সের জন্য

Under CCF

NEW Syllabus

# পাঠক্রম অধ্যয়ন

## গাইড

# (Curriculum Studies)

Semester - 5 / 6 (Major & MDC)

দেবকুমার হালদার

B.A Education (Hons.), M.A. in Education,
B.Ed., M.Phil in Education (University of Calcutta)
State Aided College Teacher (DCH College)

সুপর্না হালদার

B.A Education (Hons.), M.A. in Education
(University of Calcutta)

Edubitan

ডিজিটাল সংস্করণ (eBook)

# Paṭhakrama Adhyayan Guide
# (পাঠক্রম অধ্যয়ন গাইড)

✦ ISBN - 978-93-5619-793-0

© by Author

লেখক ও সম্পাদকের লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশের কোনো ধরনের প্রতিলিপি বা পুনরুৎপাদন করা যাবে না। এই বইটির পিডিএফ কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে দিতে পারবেন না বা শেয়ার করতে পারবেন না এবং বইটির ক্রেতার ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য। এই শর্ত অমান্য করা হলে উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়া হবে।

✪ গ্রন্থস্বত্ব - লেখক



✤ প্রথম প্রকাশ -
ডিসেম্বর, ২০২৫

মূল্য ₹ 70.00
(সত্তর টাকা মাত্র)

# ভূমিকা –

বর্তমানে জাতীয় শিক্ষানীতি 2020 (NEP 2020) অনুসারে শিক্ষাব্যবস্থায় আমূল পরিবর্তন সূচিত হয়েছে। এর ভিত্তিতে 2023-2024 শিক্ষাবর্ষ থেকে স্নাতক (UG) স্তরের পাঠক্রম নতুনভাবে সুসজ্জিত হয়েছে। শিক্ষার্থীদের ভবিষ্যৎ চাহিদার দিকটি বিবেচনা করে আমরা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নতুন পাঠক্রম (Under CCF) অনুসারে স্নাতক স্তরে Curriculum Studies -এর 5th/6th Semester (Major, MDC & Minor) কোর্সের জন্য অন্তর্ভুক্ত **পাঠক্রম অধ্যয়ন গাইড'** নামক পুস্তকটি রচনা করেছি।

শিক্ষার্থীদের গ্রহণযোগ্যতা ও সামর্থ্যের উপর গুরুত্ব আরোপ করে নতুন প্রশ্নরীতি অনুসারে পুস্তকটিতে সহজ সরল ভাষায় প্রতিটি অধ্যায় সুবিন্যস্ত ও সুসংবদ্ধভাবে বিভিন্ন প্রশ্ন ও উত্তর (১০, ৫ ও ২ নম্বর) আলোচনা করা হয়েছে। আমরা আশাবাদী যে, এই পুস্তকটি সকল শিক্ষার্থী, শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ ও পাঠকগণের কাছে বিষয়বস্তু অনুধাবনে সহজবদ্ধ হবে।

শিক্ষাক্ষেত্রে একাধিক শিক্ষানুরাগী ব্যক্তি, সম্মানীয় অধ্যাপক, সহকর্মী ও অন্যান্য শুভানুধ্যায়ী ব্যক্তিগণ এই পুস্তকটি রচনার ক্ষেত্রে সবসময় উৎসাহ দান ও অনুপ্রেরণা দিয়েছেন তাঁদেরকে আমরা আন্তরিক কৃতজ্ঞতা জানাই। সবশেষে আমাদের সেই প্রিয় ছাত্রছাত্রী, যাদের উদ্দেশ্যে এই আন্তরিক ও সৎ প্রচেষ্টা, তারা যদি এই বই থেকে কোনোরকম উপকৃত হয়, তাহলেই আমাদের লেখনী সার্থক হয়েছে বলে মনে করব। বইটির আরও শ্রীবৃদ্ধি ঘটানোর জন্য সকলের সুচিন্তিত ও গঠনমূলক মতামত আমাদের কাছে সাদরে গ্রহণযোগ্য।

Edubitan

ধন্যবাদান্তে

ডিসেম্বর, ২০২৫

দেবকুমার হালদার
সুপর্ণা হালদার

* * * * * * * * * * * * * Official Website – store.edubitan.com * * * * * * * * * * * * * * * 

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও

সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

## 5th / 6th Semester

নতুন সিলেবাস (Under CCF)

## Curricum Studies

**Unit: 1 = Curriculum development**

- Concept, functions and types of curriculums (knowledge, experience & activity based)
- Bases of curriculum: philosophical, psychological and sociological
- Major approaches to curriculum - behavioural, managerial, system, humanistic
- Curriculum development - Need, Planning

**Unit: 2 = Content selection**

- Determinants of content selection - perspectives of knowledge, culture & need
- Curriculum and institution - instructional objectives
- Revised Bloom's taxonomy
- Bruner's theory of instruction

Edubitan

**Unit: 3 = Evaluation & reform of curriculum**

- Concept & significance of curriculum evaluation
- Approaches to curriculum evaluation - formative & summative
- Models of evaluation - Stufflebeam & Taylor
- Curriculum reform - factors & obstacles, NCF -2005

Official Website – store.edubitan.com

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও

সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

5th / 6th Semester

নতুন সিলেবাস (Under CCF)

## পাঠক্রম অধ্যয়ন

**ইউনিট: ১ = পাঠ্যক্রম উন্নয়ন / বিকাশ**

- পাঠ্যক্রমের ধারণা, কার্যাবলী এবং প্রকারভেদ (জ্ঞান, অভিজ্ঞতা ও কার্যকলাপ ভিত্তিক)
- পাঠ্যক্রমের ভিত্তি: দার্শনিক, মনস্তাত্ত্বিক এবং সমাজতাত্ত্বিক
- পাঠ্যক্রমের প্রধান দৃষ্টিভঙ্গি – আচরণবাদী, ব্যবস্থাপনাগত, পদ্ধতিগত, মানবতাবাদী
- পাঠ্যক্রম উন্নয়ন / বিকাশ – প্রয়োজনীয়তা, পরিকল্পনা

**ইউনিট: ২ = বিষয়বস্তু নির্বাচন**

- বিষয়বস্তু নির্বাচনের নির্ধারকসমূহ - জ্ঞান, সংস্কৃতি ও প্রয়োজনের দৃষ্টিকোণ
- পাঠ্যক্রম এবং প্রতিষ্ঠান - শিক্ষণ উদ্দেশ্যসমূহ
- সংশোধিত ব্লুমের শ্রেণিবিন্যাস
- ব্রুনারের শিক্ষণ তত্ত্ব

Edubitan

**ইউনিট: ৩ = পাঠ্যক্রমের মূল্যায়ন ও সংস্কার**

- পাঠ্যক্রম মূল্যায়নের ধারণা ও তাৎপর্য
- পাঠ্যক্রম মূল্যায়নের পদ্ধতিসমূহ - গঠনমূলক ও সমষ্টিগত
- মূল্যায়নের মডেলসমূহ - স্টাফলবিম ও টেলর
- পাঠ্যক্রম সংস্কার - কারণ ও প্রতিবন্ধকতা, এনসিএফ - ২০০৫

Official Website – store.edubitan.com

# কলিকাতা বিশ্ববিদ্যালয়

সাম্মানিক (অর্নাস/মেজর) ও

সাধারণ (জেনারেল/মাইনর)-স্নাতক

## 5th / 6th Semester

## পরীক্ষার প্রশ্নপত্রের মার্কস বিন্যাস

| সর্বমোট – 75 নম্বর লিখিত | |
|---|---|
| 4টি রচনাধর্মী প্রশ্ন থাকবে - 3টি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – 10 |
| 6টি সংক্ষিপ্তধর্মী প্রশ্ন থাকবে- যে-কেনো 5টি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – 5 |
| 10টি অতি-সংক্ষিপ্তধর্মী প্রশ্ন থাকবে - 10টি প্রশ্নের উত্তর লিখতে হবে। | প্রতিটি প্রশ্নের মান – 2 |

**Note - ১০ নম্বরের বড় প্রশ্নের মধ্যে বিভিন্ন ধরণের প্রশ্ন থাকতে পারে।

যেমন – ২+৮ = ১০ অথবা, ৪+৬ = ১০ অথবা, ৫+৫ = ১০, অথবা, ৩+৭ = ১০

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| 1. রচনাধর্মী প্রশ্ন (প্রতিটি প্রশ্নের মান – ১০) | 6-23 |
| 2. সংক্ষিপ্তধর্মী প্রশ্ন (প্রতিটি প্রশ্নের মান – ৫) | 24-49 |
| 3. অতি-সংক্ষিপ্তধর্মী (প্রতিটি প্রশ্নের মান – ২) | 50-55 |
| সাজেশন (Suggestion) | 56-59 |


Edubitan

# প্রতিটি প্রশ্নের মান – ১০

# পাঠক্রম অধ্যয়ন (Curriculum Studies)

রচনাধর্মী প্রশ্নোত্তর - প্রতিটি প্রশ্নের মান – ১০

**প্রশ্ন** – পাঠ্যক্রম বলতে তুমি কী বোঝ? পাঠ্যক্রমের কাজ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। (What do you mean by curriculum? Briefly discuss about function of curriculum.) 2+8

**উত্তর** – **পাঠ্যক্রম (Curriculum)** - যথার্থ শিক্ষা পাঠক্রমের উপর ভিত্তি করে রচিত হয়। পাঠক্রমের ইংরেজি 'Curriculum' শব্দটি লাতিন শব্দ 'Currere' থেকে এসেছে। যার অর্থ হল - "দৌড়ের পথ" বা "Race Course". অর্থাৎ শিক্ষার্থী যে পথ অতিক্রম করে শিক্ষার সুনির্দিষ্ট লক্ষ্যে পৌঁছায়, তাকে বলে পাঠক্রম।

তাই পাঠক্রম হল শিক্ষার লক্ষ্যে পৌঁছানোর একটি গুরুত্বপূর্ণ পথ। এই পাঠক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের পরিপূর্ণ ব্যক্তিত্বের বিকাশ সাধন হয়ে থাকে।

- শিক্ষাবিদ **হিলদা তাবা** (H. Taba) বলেছেন - যুগে যুগে ভাবনা-চিন্তার অবয়বহীন ফলশ্রুতি হল পাঠক্রম।
- পাঠক্রমের সংজ্ঞা হিসেবে **কানিংহাম** বলেছেন - পাঠক্রম হল শিক্ষকের হাতিয়ার, যা দিয়ে তিনি বিদ্যালয়ের আদর্শ অনুযায়ী শিশুকে গঠন করেন।
- **মুদালিয়ার কমিশন (১৯৫২-৫৩)**-র প্রতিবেদনে বলা হয়েছে - পাঠক্রম বলতে গতানুগতিকভাবে বিদ্যালয় গুলিতে নির্দিষ্ট কতগুলি শিক্ষণীয় বিষয়বস্তুকে বোঝায় না। বরং এগুলি ছাড়া শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে এবং শ্রেণিকক্ষের বাইরে, গ্রন্থাগারে, পরীক্ষাগারে, কর্মশালায়, খেলার মাঠে এবং শিক্ষক শিক্ষার্থীদের মধ্যে অনিয়ন্ত্রিত যোগাযোগের ফলে যে সকল বৈচিত্র্যময় অভিজ্ঞতার সঞ্চার হয়, তারই ফলশ্রুতি হল পাঠক্রম।

**পাঠ্যক্রমের কাজ (Function of curriculum)** - পাঠ্যক্রম হল শিক্ষার্থীর সার্বিক বিকাশের জন্য পরিকল্পিত শিক্ষার একটি সুসংগঠিত কাঠামো। এটি কেবল বিষয়বস্তুর তালিকা নয়; বরং লক্ষ্য, বিষয়বস্তু, শিক্ষণ-পদ্ধতি ও মূল্যায়নের সমন্বিত রূপরেখা। পাঠ্যক্রমের মাধ্যমে শিক্ষার উদ্দেশ্য বাস্তবায়িত হয় এবং শিক্ষার্থীর জ্ঞান, দক্ষতা ও মূল্যবোধ গঠিত হয়। তাই পাঠ্যক্রমের বিভিন্ন কাজ বা কার্যাবলি শিক্ষাব্যবস্থায় অত্যন্ত গুরুত্বপূর্ণ। পাঠ্যক্রমের কাজগুলি হল নিম্নরূপ -

✦ **শিক্ষার লক্ষ্য নির্ধারণ** (Educational Objectives) - পাঠ্যক্রমের অন্যতম প্রধান কাজ হল শিক্ষার লক্ষ্য নির্ধারণ করা। কোন স্তরে শিক্ষার্থীর কাছ থেকে কী ধরনের জ্ঞান, দক্ষতা ও আচরণ প্রত্যাশিত—তা স্পষ্টভাবে নির্ধারিত হয়। এর ফলে শিক্ষক ও শিক্ষার্থী উভয়েই একটি নির্দিষ্ট দিকনির্দেশনা পায়। লক্ষ্যভিত্তিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা সহজ হয়। শিক্ষা পরিকল্পনা আরও বাস্তবমুখী হয়। সামগ্রিকভাবে শিক্ষার মান উন্নত হয়।

✦ **বিষয়বস্তু নির্বাচন ও সংগঠন** (Selection and Organization of Content) - পাঠ্যক্রম শিক্ষার্থীর বয়স, আগ্রহ ও সক্ষমতা অনুযায়ী বিষয়বস্তু নির্বাচন করে। বিষয়বস্তু সহজ থেকে জটিল ধারায় সাজানো হয়। এতে শেখা ধাপে ধাপে অগ্রসর হয়। অপ্রয়োজনীয় ও ভারী বিষয় বাদ দিয়ে প্রয়োজনীয় জ্ঞান অন্তর্ভুক্ত করা যায়। ফলে শিক্ষার্থী বোঝার সুবিধা পায়। শিক্ষণ আরও কার্যকর হয়।

✦ **শিক্ষণ–শিখন প্রক্রিয়ার দিকনির্দেশ** (Teaching–Learning Guidance) - পাঠ্যক্রম শিক্ষককে কোন পদ্ধতিতে পাঠদান করতে হবে সে সম্পর্কে নির্দেশনা দেয়। বক্তৃতা, আলোচনা, কার্যভিত্তিক শিখন ইত্যাদি পদ্ধতির ব্যবহার

# প্রতিটি প্রশ্নের মান – ৫

Edubitan

# পাঠক্রম অধ্যয়ন (Curriculam Studies)

**সংক্ষিপ্তধর্মী প্রশ্নোত্তর -** **প্রতিটি প্রশ্নের মান – ৫**

**প্রশ্ন** - **পাঠক্রম কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি বর্ণনা করো।** (What is meant by curriculum? Describe its characteristics.) ২+৩

**উত্তর** – **পাঠক্রম (Curriculum)** - পাঠক্রম হল শিক্ষার লক্ষ্যে পৌঁছানোর একটি গুরুত্বপূর্ণ পথ। এই পাঠক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের পরিপূর্ণ ব্যক্তিত্বের বিকাশ সাধন হয়ে থাকে।

- বিশিষ্ট শিক্ষাবিদ **ফ্রয়েবেল** বলেছেন - পাঠক্রম হল মানবজাতির সামগ্রিক জ্ঞানের ক্ষুদ্র সংস্করণ।
- শিক্ষাবিদ পেইনি (Payne) বলেছেন - শিক্ষার্থীর ব্যক্তিত্বের বিকাশ ও আচরণের পরিবর্তন ঘটানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানে যে সমস্ত কর্মসূচি গ্রহণ করা হয় এবং সচেতন ভাবে পরিচালনা করা হয় তাদের সামগ্রিক সমষ্টি হল পাঠক্রম।

**পাঠক্রমের বৈশিষ্ট্য (Curriculum Characteristics)** - পাঠক্রম হল শিক্ষাব্যবস্থার কেন্দ্রবিন্দু। শিক্ষার্থীর সামগ্রিক বিকাশের জন্য কী শেখানো হবে, কীভাবে শেখানো হবে এবং শেখার ফল কী হবে—এই সব কিছুর সুসংহত রূপরেখাই হল পাঠক্রম। একটি উন্নত পাঠক্রম শিক্ষার্থীর চাহিদা, সমাজের প্রত্যাশা ও সময়ের পরিবর্তনের সঙ্গে সামঞ্জস্য রেখে গঠিত হয়। নিম্নে পাঠক্রমের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করা হল -

✦ **নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য নির্ভর** (Goal and Objective Oriented) - পাঠক্রম সর্বদা নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্যের ওপর ভিত্তি করে নির্মিত হয়। শিক্ষার্থীর জ্ঞান, দক্ষতা, মনোভাব ও মূল্যবোধ বিকাশই এর মূল উদ্দেশ্য। পাঠ্যবিষয়, কার্যকলাপ ও মূল্যায়ন—সবই নির্ধারিত লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ থাকে। লক্ষ্য স্পষ্ট হলে শিক্ষণ কার্যক্রমও কার্যকর হয়। এতে শিক্ষক ও শিক্ষার্থী উভয়েই দিকনির্দেশনা পায়। ফলস্বরূপ শিক্ষণ-শিখন প্রক্রিয়া অর্থবহ হয়ে ওঠে।

✦ **পরিবর্তনশীল** (Dynamic) - পাঠক্রম স্থির নয়, বরং এটি সময়, সমাজ ও চাহিদার সঙ্গে পরিবর্তিত হয়। নতুন জ্ঞান, প্রযুক্তি ও সামাজিক পরিবর্তনের প্রভাব পাঠক্রমে প্রতিফলিত হয়। সমাজে যে সমস্যা বা চাহিদা দেখা দেয়, পাঠক্রম তা মোকাবিলার উপযোগী করে গড়ে ওঠে। এই পরিবর্তনশীলতা পাঠক্রমকে যুগোপযোগী রাখে। ফলে শিক্ষার্থীরা বাস্তব জীবনের সঙ্গে সংযোগ স্থাপন করতে পারে। আধুনিক জীবনের চ্যালেঞ্জ মোকাবিলায় এটি সহায়ক।

✦ **মনোবিজ্ঞানসম্মত** (Psychologically Sound) - পাঠক্রম শিক্ষার্থীর বয়স, আগ্রহ, সক্ষমতা ও মানসিক বিকাশের স্তরের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়। শিশু ও কিশোরদের চিন্তন ক্ষমতা ভিন্ন হওয়ায় পাঠক্রম সেই অনুযায়ী গঠিত হয়। সহজ থেকে জটিলের দিকে অগ্রসর হওয়া এই বৈশিষ্ট্যের অন্যতম দিক। শিক্ষার্থীর স্বাভাবিক শেখার প্রবণতাকে গুরুত্ব দেওয়া হয়। এর ফলে শেখা আনন্দময় ও স্থায়ী হয়। মানসিক চাপ কমে এবং আত্মবিশ্বাস বাড়ে।

✦ **নির্বাচন ধর্মী** (Selective) - সমস্ত জ্ঞান পাঠক্রমে অন্তর্ভুক্ত করা সম্ভব নয়, তাই প্রয়োজনীয় ও উপযোগী বিষয় নির্বাচন করা হয়। সমাজ, জাতি ও শিক্ষার্থীর চাহিদা অনুযায়ী বিষয়বস্তু বাছাই করা হয়। অপ্রয়োজনীয় ও অপ্রাসঙ্গিক বিষয় বাদ দেওয়া হয়। এই নির্বাচন পাঠক্রমকে সংক্ষিপ্ত ও কার্যকর করে তোলে। শিক্ষার্থীরা মূল ধারণাগুলিতে মনোযোগ দিতে পারে। এতে সময় ও শক্তির সদ্ব্যবহার হয়।

পাঠক্রমে স্থান পায় না। ফলে পাঠক্রম সংক্ষিপ্ত ও কার্যকর হয়। অপ্রয়োজনীয় বিষয়বস্তুর চাপ কমে। শিক্ষার্থীর শেখা উদ্দেশ্যনির্ভর হয়।

✦ **ফলাফলভিত্তিক মূল্যায়ন** (Outcome-based Evaluation) - এখানে মূল্যায়নের প্রধান উদ্দেশ্য হল শিক্ষার্থী নির্ধারিত আচরণগত লক্ষ্য অর্জন করেছে কিনা তা যাচাই করা। লিখিত পরীক্ষা, ব্যবহারিক কাজ ও কর্মসম্পাদনের মাধ্যমে মূল্যায়ন করা হয়। শিক্ষণ প্রক্রিয়ার চেয়ে অর্জিত ফলের উপর বেশি গুরুত্ব দেওয়া হয়। এতে পাঠক্রমের কার্যকারিতা নির্ধারণ সহজ হয়।

সবশেষে বলা যায়, পাঠক্রমের আচরণগত দৃষ্টিভঙ্গি শিক্ষাকে লক্ষ্যনির্দিষ্ট, পরিমাপযোগ্য ও বাস্তবমুখী করে তোলে। যদিও এতে সৃজনশীলতা ও আবেগগত দিক কিছুটা উপেক্ষিত হয়, তবুও স্পষ্ট লক্ষ্য নির্ধারণ, কার্যকর শিক্ষণ এবং নির্ভরযোগ্য মূল্যায়নের জন্য এই দৃষ্টিভঙ্গি পাঠক্রম উন্নয়নে অত্যন্ত গুরুত্বপূর্ণ।

---

**প্রশ্ন - পাঠ্যক্রমের সিস্টেম অ্যাপ্রোচ সংক্ষেপে লেখো।** (Write the system approach of curriculum in brief.)

**অথবা, পাঠক্রমের সিস্টেম দৃষ্টিভঙ্গির বর্ণনা করো।** (Describe the system approach of curriculum.)

---

✪ উত্তর – ➼ পাঠক্রমের সিস্টেম অ্যাপ্রোচ / দৃষ্টিভঙ্গি (System Approach Of Curriculum) - আধুনিক শিক্ষাব্যবস্থায় পাঠক্রমকে আর বিচ্ছিন্ন বিষয়বস্তুর সমষ্টি হিসেবে দেখা হয় না। শিক্ষার্থীর সামগ্রিক বিকাশ, সামাজিক চাহিদা ও শিক্ষাগত লক্ষ্য পূরণের জন্য পাঠক্রমকে একটি সুসংগঠিত ও সমন্বিত প্রক্রিয়া হিসেবে বিবেচনা করা প্রয়োজন। এই প্রেক্ষাপটে পাঠক্রমে সিস্টেম দৃষ্টিভঙ্গি একটি গুরুত্বপূর্ণ ধারণা হিসেবে আত্মপ্রকাশ করেছে। এই দৃষ্টিভঙ্গিতে পাঠক্রমকে একটি চলমান, পরিকল্পিত ও পারস্পরিক নির্ভরশীল ব্যবস্থারূপে দেখা হয়, যেখানে লক্ষ্য, বিষয়বস্তু, শিক্ষণ-পদ্ধতি, মূল্যায়ন ও ফিডব্যাক একে অপরের সঙ্গে গভীরভাবে যুক্ত থাকে।

➼ **সিস্টেম দৃষ্টিভঙ্গির ধারণা (Concept of System Approach)** - সিস্টেম দৃষ্টিভঙ্গি বলতে বোঝায় কোনো প্রক্রিয়া বা কাঠামোকে একটি পূর্ণাঙ্গ ব্যবস্থা হিসেবে দেখা, যেখানে বিভিন্ন উপাদান একসঙ্গে কাজ করে নির্দিষ্ট লক্ষ্য অর্জন করে। শিক্ষাক্ষেত্রে এই দৃষ্টিভঙ্গি প্রয়োগ করলে পাঠক্রমকে একটি গতিশীল ও বৈজ্ঞানিক কাঠামো হিসেবে বোঝা যায়। এখানে পাঠক্রমের প্রতিটি উপাদান আলাদা হলেও তারা একে অপরের সঙ্গে সম্পর্কযুক্ত এবং সম্মিলিতভাবে শিক্ষার লক্ষ্য পূরণে সহায়তা করে।

➼ **সিস্টেম দৃষ্টিভঙ্গির সংজ্ঞা (Definition of System Approach)** - সিস্টেমের দৃষ্টিভঙ্গিতে আধুনিক পাঠক্রম শুধুমাত্র কতকগুলি অভিজ্ঞতার সমষ্টি নয়। এই দৃষ্টিভঙ্গিতে পাঠক্রম হল শিক্ষার উদ্দেশ্য (objectives), বিষয়বস্তু (content), শিক্ষণ পদ্ধতি (teaching method) ও মূল্যায়ন (evaluation)-এর সমবায়ে গঠিত একটি তন্ত্র বিশেষ। পাঠক্রমের সিস্টেম অ্যাপ্রোচ / দৃষ্টিভঙ্গির সংজ্ঞায় Ralph W. Tyler বলেছেন — “Curriculum is a continuous cycle of objectives, learning experiences, organization, and evaluation.” অর্থাৎ — পাঠক্রম হল লক্ষ্য নির্ধারণ, শিক্ষণ-অভিজ্ঞতা নির্বাচন ও সংগঠন এবং মূল্যায়নের একটি ধারাবাহিক চক্র।

➼ **সিস্টেম দৃষ্টিভঙ্গি অনুযায়ী পাঠক্রমের প্রকৃতি (Nature of System-oriented Curriculum)** - সিস্টেম দৃষ্টিভঙ্গি অনুযায়ী পাঠক্রমের প্রকৃতি হল -

# প্রতিটি প্রশ্নের মান – ২

Edubitan

# পাঠক্রম অধ্যয়ন (Curriculum Studies)

**অতি-সংক্ষিপ্তধর্মী প্রশ্নোত্তর -** **প্রতিটি প্রশ্নের মান – ২**

---

**প্রশ্ন - পাঠক্রমের ব্যুৎপত্তিগত অর্থ লেখো। (Write the etymological meaning of curriculum.)**

---

✪ **উত্তর** – 'পাঠক্রম' **শব্দটি ল্যাটিন শব্দ "Currere"** থেকে এসেছে, যার অর্থ দৌড়ানো, অগ্রসর হওয়া বা একটি নির্দিষ্ট পথ অতিক্রম করা। এই অর্থ অনুসারে 'Curriculum' বলতে বোঝায়—**শিক্ষার্থীর শিক্ষাগত যাত্রাপথ** বা এমন একটি পরিকল্পিত পথ, যার মাধ্যমে সে ধাপে ধাপে শেখার লক্ষ্য অর্জন করে। অর্থাৎ ব্যুৎপত্তিগত দৃষ্টিতে পাঠক্রম মানে হলো "শিক্ষার উদ্দেশ্যে নির্ধারিত অগ্রসরমান শিক্ষাযাত্রার পথ"।

---

**প্রশ্ন - পাঠক্রমের দুটি গ্রহণযোগ্য সংজ্ঞা দাও। (Give two acceptable definitions of curriculum.)**

---

✪ **উত্তর** – পাঠক্রমের দুটি গ্রহণযোগ্য সংজ্ঞা হল -

- **কানিংহ্যাম (Cunningham)** বলেছেন - "Curriculum is a tool in the hands of the teacher to mould the behaviour of the students." অর্থাৎ, পাঠ্যক্রম হল শিক্ষকের হাতে এমন একটি কার্যকর উপকরণ, যার মাধ্যমে শিক্ষার্থীর আচরণ, চিন্তা ও ব্যক্তিত্ব গঠনের কাজ সম্পন্ন করা হয়।
- **হিলদা তাবা** বলেছেন - যুগে যুগে ভাবনা-চিন্তার অবয়বহীন ফলশ্রুতি হল পাঠক্রম।

---

**প্রশ্ন - পাঠ্যক্রমের দুটি কাজ বা কার্যাবলি উল্লেখ করো। (Mention two functions of curriculum.)**

---

✪ **উত্তর** – পাঠ্যক্রমের দুটি কাজ বা কার্যাবলি হল –

✓ **বিষয়বস্তু নির্বাচন ও সংগঠন করা** - যাতে শিক্ষার্থীরা সঠিক ধারাবাহিকতায় জ্ঞান অর্জন করতে পারে।

✓ **শিক্ষণ-পদ্ধতি ও মূল্যায়নের দিক নির্দেশ করা** - যাতে শিক্ষক কোন পদ্ধতিতে পড়াবেন এবং শিক্ষার্থীর অগ্রগতি কীভাবে মূল্যায়ন করবেন তা স্পষ্ট হয়।

---

**প্রশ্ন - অভিজ্ঞতা-ভিত্তিক পাঠক্রমের সংজ্ঞা দাও। (Define experience-based curriculum.)**

---

✪ **উত্তর** – অভিজ্ঞতা-ভিত্তিক পাঠক্রম হল এমন এক পাঠ্যক্রম, যেখানে শিখনের মূল উৎস হিসেবে শিক্ষার্থীর বাস্তব অভিজ্ঞতা, কার্যকলাপ, পর্যবেক্ষণ ও সমস্যা সমাধানকে গুরুত্ব দেওয়া হয়। এতে শিক্ষার্থী সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে জ্ঞান নির্মাণ করে এবং বাস্তব জীবনের পরিস্থিতি থেকে শিক্ষালাভ করে। এটি ডিউই-এর অভিজ্ঞতামূলক শিক্ষাদর্শনের ওপর ভিত্তি করে গড়ে ওঠা একটি পাঠক্রম।

---

**প্রশ্ন - অভিজ্ঞতাকেন্দ্রিক পাঠক্রমের দুটি বৈশিষ্ট্য লেখো। (Write two characteristics of experience-based curriculum.)**

---

✪ **উত্তর** – অভিজ্ঞতাকেন্দ্রিক পাঠক্রমের দুটি বৈশিষ্ট্য হল –

✓ **শিক্ষার্থীর সক্রিয় অংশগ্রহণ** - কার্যকলাপ, পরীক্ষা-নিরীক্ষা, পর্যবেক্ষণ ইত্যাদির মাধ্যমে শেখা হয়।

# সাজেশন

Edubitan




সম্পূর্ন সাজেশনসহ Pdf বইটি পেতে এখনি আমাদের অফিশিয়াল ওয়েবসাইটে ভিজিট করুন।

# ✪eBook Official Website –

# store.edubitan.com

✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ Official Website – store.edubitan.com ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽ ✽




**সম্পূর্ন সাজেশনসহ Pdf বইগুলি পেতে এখনি আমাদের অফিশিয়াল ওয়েবসাইটে ভিজিট করুন।**

# ✪eBook Official Website –

# store.edubitan.com